গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

নং-৩৪.০০.০০০০.০৪১.১৮.০২৮.২০. ২০০ তারিখ: ২১ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ / ০৪ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

মন্ত্রিপরিষদ বিভাগের সাথে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থবছরে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের ২.৩.১ অনুচ্ছেদ অনুসারে একটি সহজীকৃত সেবা অধিক্ষেত্রে প্রয়োগের শর্ত রয়েছে। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের এস.পি.এস টিম কর্তৃক মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের "অর্জিত ছুটি" সেবাটি মঞ্জুরের প্রক্রিয়ায় ধাপ কমিয়ে সহজীকরণের জন্য একটি প্রতিবেদন দাখিল করেছে যা গৃহীত হয়েছে। এখন থেকে সচিবালয় নির্দেশমালা-২০১৪ এর ৫৭(১) নির্দেশ অনুসারে "অর্জিত ছুটি" মঞ্জুরের ক্ষেত্রে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ অনুসারে মঞ্জুরকারী কর্তৃপক্ষ আবেদন ই-নথিতে সরাসরি সংশ্লিষ্ট শাখা প্রধানের নিকট প্রেরণ করবেন। শাখা প্রধান আবেদন পরীক্ষা করে সরাসরি নথিতে মঞ্জুরকারী কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করবেন। মঞ্জুরকারী কর্তৃপক্ষ আবেদন মঞ্জুর/না মঞ্জুর করে সরাসরি শাখা প্রধানের নিকট প্রেরণ করবেন। "অর্জিত ছুটি" মঞ্জুর/না মঞ্জুর আদেশের অনুলিপি মধ্যবর্তী কর্মকর্তা/কর্মকর্তাগণকে অবগতির জন্য দিতে হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ/-
(মোঃ আলী হায়দার)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৮১২২

নং-৩৪.০০.০০০০.০৪১.১৮.০২৮.২০-২০০ তারিখ: ২১ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ / ০৪ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৩. উপসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়া, ঢাকা।
৪. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৫. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৬. সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৭. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৮. হিসাবরক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৯. সহকারী প্রোগ্রামার, আইটিসেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ইহা ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১০. প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা (সকল)/সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১১. সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর/অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (সকল)/ হিসাবরক্ষক/ক্যাশিয়ার/ডাটা এন্ট্রি অপারেটর/ক্যাশ সরকার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১২. অফিস সহায়ক(সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

(মোঃ আলী হায়দার)
সিনিয়র সহকারী সচিব